গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব
সভার তারিখ	২২-১২-২০২২
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	অনলাইন ভিডিও সিস্টেম
উপস্থিতি	রেকর্ডেড

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-১) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এ উল্লিখিত এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আহ্বান করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। সে পরিপ্রেক্ষিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে (অক্টোবর-ডিসেম্বর/২০২২) সভা আহ্বান করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে এটি দ্বিতীয় সভা। সভায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতির কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়।

১.২। সভায় পেট্রোবাংলার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে একজন সদস্য পরিবর্তনপূর্বক দ্বিতীয় কোয়ার্টারে কমিটি পুনর্গঠন করা হয়েছে। এছাড়া, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের সমন্বয়ে দ্বিতীয় কোয়ার্টারের সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। পেট্রোবাংলার সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সভায় বিপিসি'র প্রতিনিধি সংযুক্ত না থাকায় বিপিসি'র সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। সভায় আরও জানানো হয় যে, বিপিসি'র সিটিজেন চার্টার সর্বশেষ ২০১৯ সালে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয় যা এখনো চলমান। হালনাগাদকৃত সিটিজেন চার্টার বিপিসি'র ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সভায় হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি উপস্থিত ছিলেন না। সভায় জিএসবি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, জিএসবি'র সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে কমিটি পুনর্গঠন করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় কোয়ার্টারের সকল কার্যক্রম সম্পাদন করা হবে। এছাড়া, বিএমডি, বিস্ফোরক পরিদপ্তর এবং বিপিআই এর প্রতিনিধিগণ সভাকে জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে তারা তাদের প্রথম কোয়ার্টারের সকল কার্যক্রম সম্পাদন করবেন। সভাপতি দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড করাসহ কর্মপরিকল্পনা ও মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রথম কোয়ার্টারের সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।

১.৩। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে

সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়া স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি সিটিজেন চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা যথাসময়ে প্রদানের বিষয়ে উপস্থিত সকলকে আরও তৎপরতা বাড়াতে এবং দপ্তর/সংস্থা কর্তৃক হালনাগাদকৃত সিটিজেন চার্টার অনুযায়ী যথাসময়ে সেবা প্রদান করার নির্দেশনা প্রদান করেন।

০২। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	সিদ্ধান্তের বিবরণ
২.১	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র অংশ হিসেবে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত যে সকল নির্দেশনা প্রদান করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে;
২.২	নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী দ্বিতীয় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২২) সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং এ বিভাগকে অবহিত করতে হবে;
২.৩	সকল দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;
২.৪	প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে; এবং
২.৫	বিপিসি'র হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করতে হবে।

৩। অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০২০.৩১.০৬০.২০.২৪৯০

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৩) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৫) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৬) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৭) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৮) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৯) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
১০) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১১) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১২) অফিস কপি

এস এম জাকারিয়া
উপসচিব